

AKASHVANI(AIR)
RNU:KOLKATA
BengaliText Bulletin

Date 08-12-2025

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

- ১) এসআইআর প্রক্রিয়ার শুনানি শুরুর আগে রাজ্যের বিশেষ রোল অবজার্ভারকে দিল্লীতে তলব নির্বাচন কমিশনের।
- ২) রাজ্য থেকে ধর্মীয় উন্মাদনা নির্মূল করতে মানুষ প্রস্তুত বলে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন।
- ৩) দলীয় ও সরকারি কর্মসূচীতে অংশ নিতে তৃণমূল কংগ্রেস প্রধান, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী দুদিনের সফরে আজ উত্তরবঙ্গ যাচ্ছেন।
- ৪) বন্দেমাতরমের সার্থ শততম বার্ষিকী নিয়ে আজ লোকসভায় বিশেষ আলোচনা শুরু হচ্ছে।
- ৫) পশ্চিম মেদিনীপুরে আইআইটি খড়গপুরে আজ শুরু হচ্ছে স্মার্ট ইন্ডিয়া হ্যাাকাথন ২০২৫ হার্ডওয়ার সংস্করণের গ্র্যান্ড ফিনালে।
- ৬) ১৯৭১-এ পাকিস্তানের বিরুদ্ধে যুদ্ধ জয়ের স্মরণে বিজয় দিবসে এবার ৮ জন মুক্তিযোদ্ধা ও দুজন সার্ভিং অফিসার অংশ নিচ্ছেন।

ভোটের তালিকার বিশেষ নিবিড় পর্যালোচনা - এসআইআর প্রক্রিয়ার শুনানি পর্ব শুরুর আগে রাজ্যে বিশেষ রোল অবজার্ভারকে দিল্লীতে তলব করেছে নির্বাচন কমিশন। সূত্রের খবর অনুযায়ী মুখ্যনির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার এবং বাকি দুই নির্বাচন

কমিশনারও স্পেশাল রোল অবজার্ভার সুব্রত গুপ্তের সঙ্গে ঐ বৈঠকে উপস্থিত থাকবেন।
দিল্লীর নির্বাচন সদনে আজ এই বৈঠক হওয়ার কথা।

এদিকে কমিশন নিযুক্ত ১২ জন পর্যবেক্ষক জেলায় জেলায় ঘুরে সাধারণ মানুষ
এবং রাজনৈতিক দলের প্রতিনিধিদের সঙ্গে কথাবার্তা বলছেন। আগামী ১১ ই ডিসেম্বর
এনুমারেশন পর্ব শেষ হওয়ার পর শুনানির জন্য বিভিন্ন পরিকল্পনা রয়েছে কমিশনের।

রাজ্যে এসআইআর প্রক্রিয়া চলছে জোরকমে। এবিষয়ে একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

ভোটের তালিকায় যোগ্য ভোটারদের নাম থাকা সুনিশ্চিত করার লক্ষ্যে প্রতিটি
বুথে BLO দের সঙ্গে BLA-টু দের বৈঠক সেরে ফেলার জন্য রাজ্যের মুখ্য নির্বাচনী
আধিকারিক নির্দেশ দিয়েছেন। ১১ই ডিসেম্বর এনুমারেশন মেয়াদকাল শেষ হওয়ার
আগে এই বৈঠক করতে হবে। গতকাল রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ
কুমার আগরওয়াল ভিডিও কনফারেন্সের মাধ্যমে জেলা নির্বাচনী আধিকারিকদের এই
নির্দেশ দিয়েছেন। পাশাপাশি, প্রতিটি বুথে বারশো ভোটদাতা রাখার প্রেক্ষিতে ভোট
কেন্দ্র গুলির পক্ষপাতহীন বিন্যাস অবিলম্বে চূড়ান্ত করতেও বলা হয়েছে। বহুতল
ভবন, হাউজিং কমপ্লেক্স, কলোনি ও সোসাইটি গুলির মধ্যে থেকে নতুন ভোট গ্রহণ
কেন্দ্র খোলার প্রস্তাব জমা দিতেও বলা হয়েছে।

উল্লেখ্য, গত শুক্রবার মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার SIR কর্মসূচি নিয়ে ১২
টি রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের মুখ্য নির্বাচনী আধিকারিক দের সঙ্গে বৈঠকে যে
নির্দেশ দিয়েছেন তার প্রেক্ষিতে বৈঠক বলে জানিয়েছে কমিশন।

রাজ্য থেকে ধর্মীয় উন্মাদনা নির্মূল করতে মানুষ প্রস্তুত বলে রাজ্যপাল ডক্টর সি ভি আনন্দ বোস মন্তব্য করেছেন। গতকাল কলকাতার ব্রিগেড প্যারেড গ্রাউন্ডে ৫ লক্ষ কণ্ঠে গীতাপাঠ অনুষ্ঠানে অংশ নিয়ে তিনি ভগবত্ গীতার শ্লোক উদ্ধৃত করে সমাজ থেকে দুর্নীতি নির্মূল করা এবং ধর্মের প্রতিষ্ঠার ওপর জোর দিয়েছেন।

বাইট

সনাতন সংস্কৃতি সংসদের উদ্যোগে আয়োজিত গতকালের গীতাপাঠ অনুষ্ঠানে এ রাজ্য ছাড়াও নেপাল, বাংলাদেশ থেকেও সনাতনীরাই এই সমাবেশে যোগ দেন। উপস্থিত ছিলেন আধ্যাত্মিক গুরু জ্ঞানানন্দ মহারাজ, ধীরেন্দ্রকৃষ্ণ শাস্ত্রি, সাধবী ঋতম্বরী প্রমুখ। বক্তব্য রাখেন সনাতন সংস্কৃতি সংসদের সভাপতি কার্তিক মহারাজ, ভারত সেবাশ্রম সংঘের সাধারণ সম্পাদক দিলীপ মহারাজ সহ সাধুসন্তগণ। বেদপাঠ, ভক্তিগীতি, শোভাযাত্রার পর মঞ্চে ভগবত্ গীতা প্রতিষ্ঠা এবং আরতিও করা হয়।

কোনো রাজনৈতিক উদ্দেশ্যে নয়, বাংলার আধ্যাত্মিক ঐতিহ্যকে তুলে ধরা এবং সামাজিক সম্প্রীতির বার্তা দেওয়ায় এই আয়োজনের লক্ষ্য বলে সনাতন সংস্কৃতি সংসদের তরফে জানানো হয়েছে।

অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীকে আমন্ত্রণ জানানো হলেও তিনি আসেন নি।

কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার, বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী সহ বিজেপির রাজ্য নেতৃত্ব অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। অনুষ্ঠানের আগে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে শ্রী মজুমদার বলেন, গীতা পাঠ সমগ্র হিন্দুদের একত্রিত করার অনুষ্ঠানে পরিণত হয়েছে। পশ্চিমবঙ্গের বর্তমান পরিস্থিতিতে হিন্দুদের রক্ষায় গীতা পাঠ বিশেষ প্রয়োজন।

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে সংখ্যালঘু তোষণের অভিযোগ তোলেন তিনি।

বাইট

পূর্ব ঘোষণা সত্ত্বেও এখনই তিনি বিধায়ক পদ থেকে ইস্তফা দিচ্ছেন না বলে মুর্শিদাবাদের ভরতপুরের বিধায়ক হুমায়ুন কবির জানিয়েছেন। গতকাল সংবাদিকদের কাছে হুমায়ুন বলেন, জনসাধারণের ইচ্ছেকে মর্যাদা দিয়েই তাঁর এই সিদ্ধান্ত। তৃণমূল কংগ্রেস থেকে সাসপেন্ড হওয়ার পর বিধায়ক পদ ছেড়ে দেওয়ার কথা জানিয়েছিলেন হুমায়ুন। পাশাপাশি আগামী বিধানসভা নির্বাচনে আসাদুদ্দীন ওয়েসির এইআইএমআইএম-এর সঙ্গে জোট বেঁধে মুসলমান সংখ্যাগরিষ্ঠ আসনগুলিতে প্রার্থী দেওয়ার কথাও জানিয়েছেন হুমায়ুন কবির।

এদিকে বেলডাঙায় তথাকথিত বাবরি মসজিদের শিলান্যাস নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী নীরব কেন, সেই প্রশ্ন তুলেছেন কংগ্রেস নেতা অধীর রঞ্জন চৌধুরী। গতকাল সাংবাদিকদের কাছে অধীর বাবু বলেন, ধর্মের রাজনীতি মুখ্যমন্ত্রী নিজেই এ রাজ্যে শুরু করেছেন। পুরীর আদলে দীঘার জগন্নাথ মন্দির তিনিই তৈরি করিয়েছেন।

বাইট অধীর

পাশাপাশি রাজ্যে সম্প্রীতির বাতাবরণ বজায় রাখার কথাও উল্লেখ করেন তিনি।

দলীয় ও সরকারি কর্মসূচিতে অংশ নিতে তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী আজ দু দিনের সফরে উত্তরবঙ্গ যাচ্ছেন। কলকাতা থেকে রওনা হয়ে বাগডোগরা পৌঁছে সেখান থেকে আকাশপথে তিনি কোচবিহার পৌঁছবেন। পরে বিভিন্ন সরকারি সামাজিক সুরক্ষা প্রকল্পের অগ্রগতি নিয়ে স্থানীয় রবীন্দ্রভবনে তার প্রশাসনিক সভায় অংশ নেওয়ার কথা। আগামীকাল মুখ্যমন্ত্রী একটি পদযাত্রায় অংশ নিয়ে পরে রাস মেলা মাঠে জনসভায় বক্তব্য রাখবেন। এরপরে এগারো তারিখে নদীয়ার কৃষ্ণনগর কলেজ মাঠে দলীয় কর্মসূচিতে মুখ্যমন্ত্রীর যোগ দেওয়ার কথা।

বন্দেমাতরমের সার্থশততম বার্ষিকী নিয়ে লোকসভায় আজ একটি বিশেষ আলোচনা শুরু হবে। সরকারী সূত্রে খবর প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বিতর্কের সূচনা করবেন। সংসদ বিষয়ক মন্ত্রী কিরেন রিজিজু সংবাদ মাধ্যমে জানিয়েছেন, বেলা ১২-টা থেকে এই আলোচনা শুরু হবে।

উল্লেখ্য, লোকসভার অধ্যক্ষ ওম বিড়লার পৌরোহিত্যে সর্বদল বৈঠকে এও স্থির হয়েছে, ৮-ই ডিসেম্বর বন্দেমাতরম নিয়ে আলোচনা হবে। নির্বাচনী সংস্কার নিয়ে আলোচনা হবে ৯-ই ডিসেম্বর।

পশ্চিম মেদিনীপুরে আইআইটি খড়গপুরে আজ শুরু হচ্ছে স্মার্ট ইন্ডিয়া হ্যাকাথন ২০২৫ হার্ডওয়ার সংস্করণের গ্র্যান্ড ফিনালে। প্রতিযোগিতা চলবে ১২ ই ডিসেম্বর শুক্রবার পর্যন্ত। প্রযুক্তিগত নেতৃত্ব, উদ্ভাবন ও জাতি গঠনের উত্তরাধিকারকে চিহ্নিত করতে এই প্রতিযোগিতাটি বিশেষ তাৎপর্যপূর্ণ বলে মনে করা হচ্ছে। কেন্দ্রীয় শিক্ষা মন্ত্রকের উদ্ভাবন সেল এবং অল ইন্ডিয়া কাউন্সিল ফর টেকনিকাল এডুকেশন - এআইসিটিই এই হ্যাকাথনের আয়োজক।

ভারতীয় সেনা এবছরও ১৬ই ডিসেম্বর, ১৯৭১-এর পাকিস্তানের যুদ্ধ জয়ের স্মরণে বিজয় দিবস পালন করবে। এই উপলক্ষে কলকাতায় সেনার পূর্বাঞ্চলীয় কমান্ডের সদর দপ্তরে আজ এক সাংবাদিক বৈঠকে মেজর জেনারেল বনগুরু রঘু ১৯৭১সালের যুদ্ধের গৌরবময় ইতিহাসের কথা তুলে ধরেন। এবছর বাংলাদেশ থেকে কুড়ি জনের এক প্রতিনিধি দল অনুষ্ঠানে যোগ দেবেন। এরমধ্যে ৮জন মুক্তি যোদ্ধা ও দুজন সার্ভিং অফিসার এবং তাদের পরিবারের সদস্যরা ১৪তারিখ কলকাতায় এসে পৌঁছাবেন। উল্লেখ্য, ১৯৭১ সালের বিজয়কে সম্মান জানাতে সেনার উদ্যোগে এক মোটরসাইকেল

র্যালির আয়োজন করা হয়। পয়লা ডিসেম্বর গৌহাটি থেকে শুরু হয়ে আজ কলকাতায় এসে র্যালির শেষ হয়। র্যালির শেষ পর্বে নেতৃত্ব দেন ইস্টার্ন কমান্ডের জিওসিইনসি আর সি তিওয়ারি। র্যালির শেষে বিজয় স্মারকে এক অনুষ্ঠানে নিহত বীর সেনাদের প্রতি শ্রদ্ধা জানানো হয়।

বিশিষ্ট অভিনেতা কল্যাণ চট্টোপাধ্যায় প্রয়াত। বয়স হয়েছিল ৮২ বছর। বার্ধক্য জনিত অসুস্থতার কারণে তিনি হাসপাতালে ভর্তি ছিলেন। রবিবার রাতে সেখানেই শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। রাতেই কেওড়াতলা মহাশ্মশানে তার শেষকৃত্য সম্পন্ন হয়। সাগিনা মাহাতো, ধন্য মেয়ে, সফেদ হাতি, পার, জনপ্রিয় হিন্দি ছবি কাহানি সহ চারশতাধিক সিনেমায় দক্ষতার সঙ্গে অভিনয় করেছেন তিনি। বেশকিছু ধারাবাহিক এবং একটি সিরিজেও কাজ করেছেন কল্যাণ চট্টোপাধ্যায়। তাঁর প্রয়াণে শোকের ছায়া চলচ্চিত্র মহলে।

রাজ্য জুড়ে প্রায় সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা গত তিনদিন ধরে স্বাভাবিকের নিচে থাকায় শীতের আমেজ বজায় রয়েছে। আজ আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৫ ডিগ্রি সেলসিয়াস যা স্বাভাবিকের থেকে ১ দশমিক ৬ ডিগ্রি কম। আগামী সাত দিন তাপমাত্রা বিশেষ হেরফের হবে না বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। আগামী কাল পর্যন্ত উত্তরবঙ্গের প্রায় সব জেলাতেই সকালের দিকে হালকা থেকে মাঝারি কুয়াশার সম্ভাবনা রয়েছে।

ইস্টবেঙ্গলকে হারিয়ে এফ সি গোয়া সুপার কাপ ফুটবলে চ্যাম্পিয়ন হয়েছে। গতকাল গোয়ার জওহরলাল নেহরু স্টেডিয়ামে ফাইনালে এফ সি গোয়া টাইব্রেকারে ৬-

৫ গোলে ইস্টবেঙ্গলকে পরাজিত করে। নির্ধারিত ও অতিরিক্ত সময়ে খেলা গোলশূন্য থাকায় টাইব্রেকারে ম্যাচের নিষ্পত্তি হয়।

আকাশবাণী কলকাতা, ১০ টি জেলার জন্য চুক্তির ভিত্তিতে আংশিক সময়ের সাংবাদিক নিয়োগ করবে। জেলাগুলি হল- বীরভূম, আলিপুরদুয়ার, পশ্চিম বর্ধমান, দার্জিলিং, দক্ষিণ দিনাজপুর, ঝাড়গ্রাম, কালিম্পং, হুগলী, পূর্ব মেদিনীপুর এবং কলকাতা। এ সংক্রান্ত যাবতীয় তথ্য www.newsonair.gov.in -এ পাওয়া যাবে। আবেদন জানানোর শেষ তারিখ, ১৫ই ডিসেম্বর।
